EIIN : 124139

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাটোর।
ডাকঘর ও উপজেলা ঃ নাটোর সদর, জেলা ঃ নাটোর
ফোন ঃ ০২৫৮৮৮৭৩৬৩০, ০১৩০৯-১২৪১৩৯
Email : ngghs.head@gmail.com ,web: ngghsnatore.edu.bd, Skype: headngghs

বিদ্যালয় কোড ঃ ২০১১

স্মারক নং- প্রশি/নাসবাউবি/নাট/২০২৫/ ৫৮৭

তারিখ ঃ ০১/১২/২০২৫ খ্রিঃ

## ( নিলাম ডাক বিজ্ঞপ্তি )

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ৬ (ছয়) তলা ভবন নির্মাণের স্থানে বিদ্যমান ১৪ টি গাছ সরকারি বিধিমোতাবেক সকল প্রক্রিয়া অনুসরণ পূর্বক আগামী ১১/১২/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১০.০০ টায় প্রকাশ্যে নিলাম ডাকে বিক্রয় করা হবে। প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠানকে উক্ত সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান পূর্বক প্রকাশ্যে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০১.১২.২৫
(জাসমিন আহম্মেদ)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাটোর।

### শর্তাবলী:

১. প্রকাশ্যে নিলামে অংশগ্রহনেচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্দিষ্ট তারিখ (১১/১২/২০২৫ খ্রি.) সকাল ১০.০০ টার মধ্যে অত্র দপ্তরের নিলাম কমিটির নিকট নগদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জমা দিয়ে নিলাম ডাককারী হিসেবে তালিকাভূক্ত হতে হবে। সকাল ১০.০০ টার পরে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে তালিকাভূক্ত করা হবে না।
২. সর্বোচ্চ নিলাম ডাককারীর জমাকৃত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জামানত হিসেবে জমা থাকবে এবং অকৃতকার্য নিলাম ডাককারীর জামানতকৃত টাকা একই দিনে ফেরত দেওয়া হবে।
৩. কৃতকার্য নিলাম ডাককারীকে ডাককৃত মোট টাকা এবং উক্ত টাকার উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর পরের দিন ১৪/১২/২০২৫ খ্রি. তারিখ রবিবার পরিশোধ করতে হবে। সমুদয় টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে এবং ডাককারীর জামানতকৃত টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে। ধার্যকৃত সর্বোচ্চ নিলাম মূল্য অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।
৪. নিলামকৃত ১৪ টি গাছ সরেজমিনে দেখে নিতে হবে।
৫. নিলামকৃত গাছগুলো নিজ ব্যয়ে অপসারণসহ সাইট পরিষ্কার করার পর জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।
৬. নিলামকৃত গাছগুলো অপসারণ কালে সীমানা প্রাচীরসহ অন্যান্য স্থাপনার কোন ক্ষতি করা যাবে না। কোনো স্থাপনা ক্ষতিগ্রস্থ হলে নিলামকারীকে নিজ ব্যয়ে তা মেরামত করে দিতে হবে।
৭. সফল ডাককারী ডাকগ্রহণের দিন থেকে নিলামকৃত গাছগুলোর পূর্ণ দায়িত্ব গ্রহণ করবেন। কার্যাদেশ গ্রহণের পর থেকেই নিলামকৃত গাছগুলোর কিছু নষ্ট বা খোয়া গেলে সে জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
৮. অপসারণ কাজ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টার মধ্যে করতে হবে।
৯. কৃতকার্য নিলাম ডাককারী কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ০৫ (পাঁচ) দিনের মধ্যে গাছগুলো অপসারণ করবেন। নির্ধারিত সময়ে অপসারণে ব্যর্থ হলে জমাকৃত টাকা ও জামানত বাজেয়াপ্তসহ চুক্তিনামা বাতিল বলে গণ্য হবে।
১০. যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রকাশ্য ডাক চলাকালীন সময়ে নিলাম ডাকে কোনো প্রকার বিঘ্ন সৃষ্টি করেন, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।
১১.কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকে নিলাম (ডাক) বিষয়ে যে কোনো সিদ্ধান্ত গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
২. জেলা প্রশাসক, নাটোর। (বিজ্ঞপ্তিটি আপনার ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
৩. পুলিশ সুপার, নাটোর।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নাটোর।(বিজ্ঞপ্তিটি আপনার ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
৫. অতিরিক্ত পুলিশ সুপার, নাটোর।
৬. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৭. বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, রাজশাহী।
৮. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নাটোর। (বিজ্ঞপ্তিটি আপনার ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
৯. জেলা তথ্য অফিসার (বিজ্ঞপ্তিটি আপনার ওয়েবসাইটে ও মাইকিং এর বহুল প্রচারের অনুরোধসহ)
১০. উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর, নাটোর।
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর থানা, নাটোর।
১২. জেলা শিক্ষা অফিসার, নাটোর।
১৩.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর।

০১.১২.২৫
(জাসমিন আহম্মেদ)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাটোর।

CamScanner